গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

"সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ; গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ"

**নম্বর:** ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.৪৩

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ প্রসঙ্গে (৪র্থ ত্রৈমাসিক)**

ডাটাবেজ প্রস্তুতের তারিখঃ ০৭ জুলাই, ২০২৪

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১ | LIMA Online Licensing full automation | শ্রম আইন ও বিধি অনুযায়ী কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সকরণ প্রক্রিয়াটি একটি জটিল প্রক্রিয়া। এই প্রক্রিয়াটি সহজতর এবং সম্পূর্ণ অনলাইন করার জন্য LIMA Online Licensing full automation নামক উদ্যোগটি নেওয়া হয়। এটি বাস্তবায়নের ফলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদনের আবেদন, কারখানার/প্রতিষ্ঠানের লাইসেন্স অনুমোদনের আবেদন, সংশ্লিষ্ট ফী সমূহ অনলাইনে প্রদান, লাইসেন্স ভেরিফিকেশন ইত্যাদির কাজ করতে পারবেন। অন্যদিকে, অধিদপ্তরের কর্মচারীগণ সম্পূর্ণ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদন, লাইসেন্স অনুমোদন এবং এসবের সাথে সংশ্লিষ্ট সকল কাজ করতে পারবেন। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://lima.dife.gov.bd/ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২ | LIMA OSH module upgradation | শ্রম আইন ও বিধি অনুযায়ী বাংলাদেশে অবস্থিত সরকারি মালিকানাধীন ব্যতীত সকল কারখানা/প্রতিষ্ঠান-কে নিয়মিতভাবে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক কিছু প্রতিবেদন এবং কোন দুর্ঘটনা ঘটলে তার নোটিশ এবং প্রতিবেদন ডাইফ-কে প্রেরণ করতে হয়। এইসব প্রতিবেদন ও নোটিশ প্রেরণের কাজটি সম্পূর্ণ অনলাইনে করা, সময়মত প্রতিবেদন প্রেরণ না করলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নোটিফিকেশন পাঠানো, এবং প্রতিবেদন ও নোটিশ গুলো নিয়ে একটি ডেটাবেজ নির্মাণ করাই LIMA OSH module upgradation এর উদ্দেশ্য। | কার্যকর আছে | কারখানা ব্যবহারকারীদের প্রশিক্ষণ চলমান। প্রচার প্রচারণা ব্যাপকভাবে করলে দ্রুত প্রত্যাশিত ফল পাওয়া যাবে। | https://lima.dife.gov.bd/ | |
| ০৩ | ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম | একটি ওয়েব-বেজড সফটওয়্যার যাতে প্রত্যেক কর্মচারীর প্রাপ্যতা (সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী) সফটওয়্যার ব্যবহারকারীর পদবী অনুযায়ী প্রি-ডিফাইন করা থাকবে। প্রত্যেক কর্মচারীর নিজ নামে উক্ত সফটওয়্যারে একাউন্ট থাকবে। উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি পণ্যের চাহিদা পত্র একটি অনলাইন ফরম পূরণ করে প্রেরণ করবেন। পণ্য সরবরাহকারী শাখার একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য ‘ইনভেন্টরি ম্যানেজার’ হিসাবে একটি একাউন্ট থাকবে এবং উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি প্রাপ্ত সকল চাহিদাপত্র তালিকা আকারে দেখতে পাবেন। সেই তালিকায় পণ্যের চাহিদার পাশাপাশি পণ্যের বর্তমান স্টক প্রদর্শন করবে। তালিকা যাচাইপূর্বক চাহিদাপত্র অনুমোদনের ব্যবস্থা থাকবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | http://203.76.110.211/login | |
| ০৪ | ডাইফ OSH ই-টুল | একটি কারখানা তাদের নিজস্ব রিস্ক আসেসমেন্ট এর মাধ্যমে ঝুঁকি নিরূপণ করতে পারবে।<br>রিস্ক অ্যাসেসমেন্ট পরবর্তী কারখানার পেশাগত সেফটি বজায় রাখার জন্য কি কি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সে বিষয়ে একটি সম্যক সহযোগিতা/গাইডলাইন এই ই-টুল প্রদান করবে। | কার্যকর নাই | সফটওয়্যারটির হালনাগাদ সম্পন্ন করে নিজস্ব সার্ভারে মাইগ্রেট করার কাজ চলমান, সাময়িকভাবে সার্ভিসটি বন্ধ আছে। | - | |
| ০৫ | অনলাইন আউটসোর্সিং (ঠিকাদার) লাইসেন্স | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সিটিজেন চার্টারভুক্ত অন্যতম সেবা ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন। ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় এই সেবাটি ডিজিটাইজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে সেবা প্রার্থিদের সময়, যাতায়াত ও খরচ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পাবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.dife.gov.bd | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | শ্রমিকের কাজের সময়ের নোটিশ অনুমোদন | বাংলাদেশ শ্রম আইন মোতাবেক বেসরকারী মালিকানাধীন কারখানা/প্রতিষ্ঠানের শ্রমিকের কর্মঘন্টার নোটিশের দ্রুত অনুমোদন নিশ্চিত করা যাবে। অধিদপ্তরের লিমা সফটওয়্যারে নিবন্ধিত সকল কারখানা তাঁদের কাজের সময়ের নোটিশ অনুমোদনের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। সেবাটি সহজীকরণের ফলে শ্রমিকদের ৮ ঘন্টার অধিক কাজ করানো হচ্ছে কিনা, শ্রমিকরা অধিকাল কর্মের জন্য নির্ধারিত মজুরি পাচ্ছে কিনা, আহার ও বিশ্রামের বিরতি আইন ও বিধি মোতাবেক শ্রমিকরা পাচ্ছে কিনা, সাপ্তাহিক ছুটি কার্যকর হচ্ছে কিনা, শ্রমিকরা নির্দিষ্ট সময়ে কাজে আসছে কিনা এসকল বিষয় শ্রম পরিদর্শন এবং শ্রমিক/মালিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নিশ্চিত করা সম্ভব হবে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://lima.dife.gov.bd/ | |


০৮-০৭-২০২৪
মিনা মাসুদ উজ্জামান
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)
৮৮০২২২৬৬৬৪২০৪ (ফোন)
- (ফ্যাক্স)
addig@dife.gov.bd


**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।;

২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;

৩। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;

৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৬। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং

৭। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।